

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ

স্মারক নং-২৭.০০.০০০০.০০০.০৪৬.০৪.০০০৫.২৬.৩৬৫

২৩ আশ্বিন ১৪৩৩
তারিখ:-----
০৮ অক্টোবর ২০২৬


বেসরকারি আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

সরকারি স্বার্থ রক্ষার্থে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলায় রাষ্ট্রপক্ষের আইন কর্মকর্তার পাশাপাশি বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগ, প্রশাসনিক ট্রাইব্যুনাল এবং অধস্তন আদালতে মামলা পরিচালনার জন্য ২ (দুই) জন বেসরকারি আইনজীবী নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে সিলমোহরযুক্ত খামে আগ্রহপত্র {Expression of Interest (EOI)} আহ্বান করা যাচ্ছে:

- (১) যোগ্যতা : আবেদনকারীকে নিম্নরূপ শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে:
(ক) শিক্ষাগত : আবেদনকারীকে কমপক্ষে আইন বিষয়ে স্নাতক ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে;
(খ) অভিজ্ঞতা : আবেদনকারীকে অবশ্যই হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ আইন পেশায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; আপীল বিভাগে মামলা পরিচালনার অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(২) আবেদনের শর্তাবলি: আবেদনের শর্তাবলি হবে নিম্নরূপ:

- ০১) আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং ঢাকা জেলায় বসবাসরত হতে হবে;
০২) আবেদনকারীর নাম, পিতা/স্বামী ও মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, বয়স, ইমেইল উল্লেখসহ সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি রঙিন ছবিযুক্ত পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত দাখিল করতে হবে;
০৩) বাংলাদেশ বার কাউন্সিল-এর সদস্য/সংশ্লিষ্ট বারের সদস্য-সনদ, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতার সনদসহ সকল সনদের ফটোকপি আবেদনের সাথে জমা দিতে হবে;
০৪) মামলা পরিচালনার নিমিত্ত ২ (দুই) বছরের জন্য আইনজীবী নিয়োগ করা হবে এবং সরকার নির্ধারিত হারে ফি প্রদান করা হবে। তবে প্রাপ্য ফি/সম্মানী/অন্যান্য খরচ হতে বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট কর্তন করা হবে;
০৫) ৩টির বেশি প্রতিষ্ঠানে আইনজীবী/প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকা যাবে না;
০৬) আবেদনকারী বিদ্যুৎ বিভাগের স্বার্থ রয়েছে এমন কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানে আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে আবেদন করতে পারবেন না;
০৭) প্রাপ্ত আবেদনসমূহ যাচাইবাছাই করে সংক্ষিপ্ত তালিকা (Short List) করা হবে এবং উক্ত তালিকা অনুযায়ী 'সাক্ষাৎকার' গ্রহণের মাধ্যমে নিয়োগ চূড়ান্ত করা হবে।
০৮) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও অসত্য তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
০৯) আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
১০) নিয়োগের শর্তাবলি চুক্তি দ্বারা নির্ধারিত হবে;
১১) সিলমোহরযুক্ত খামের উপরে 'বেসরকারি আইনজীবী নিয়োগ-এর আবেদন' লিখতে হবে;
১২) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ও চুক্তিভিত্তিক হবে যা যোগদানের তারিখ হতে ২ (দুই) বছরের জন্য কার্যকর থাকবে। তবে উভয় পক্ষ হতে ১ (এক) মাস পূর্বে নোটিশ প্রদান সাপেক্ষে নিয়োগ বাতিল করতে পারবে;
১৩) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোনো আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে;
১৬) আগামী ২৬/১০/২০২৬ তারিখ বিকাল ৪:০০ টার মধ্যে অতিরিক্ত সচিব (আরএম এন্ড পিআর), বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় ও আহ্বায়ক, বেসরকারি আইনজীবী নিয়োগ কমিটি, বিদ্যুৎ ভবন, কক্ষ নম্বর-১৪৪৫, ১নং আব্দুল গণি রোড, ঢাকা এই ঠিকানায় আবেদনপত্র পাঠাতে হবে।


(মোঃ রফিকুল ইসলাম)
সহকারী সচিব
ও
সদস্য-সচিব
বেসরকারি আইনজীবী নিয়োগ কমিটি